গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

সভাপতি	এইচ এম রকিব হায়দার জেলা প্রশাসক, লালমনিরহাট।
বিষয়	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্যাপন উপলক্ষ্যে জেলা কমিটি'র সভার কার্যবিবরণী
সভার তারিখ ও সময়	৩০-১২-২০২৪ খ্রিস্টাব্দ। সকাল ১০:৩০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, লালমনিরহাট।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট-কে বিষয়ভিত্তিক আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। তিনি প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকার ০৬ নভেম্বর ২০২৪ তারিখে ০৩.৪৭.২৬৯০.০৬৮.১৮.০০৬.২৪.৫৪২ এবং ২৪ নভেম্বর ২০২৪ তারিখে ০৩.৪৭.২৬৯০.০৬৮.১৮.০০৬.২৪.৫৮৬ নং পত্র বাংলাদেশ প্রিমিয়াম লীগ (বিপিএল) এর সহযোগীয় তারুণ্যের উৎসব-২০২৫ উদ্যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। নতুন বাংলাদেশ গড়ার স্বপ্নের সাথে সামঞ্জস্য রেখে বিপিএল-২০২৫ সাজানো হয়েছে। নতুন আঙ্গিকে বিপিএল এর লক্ষ্য যুব সমাজকে এবং ক্রিকেটের শক্তিকে কাজে লাগিয়ে পুরো জাতিকে ঐক্যবদ্ধ করা, জনগণের সাথে সরকারের আস্থার সম্পর্ক নিবিড় করা এবং স্থানীয় প্রশাসনের সাথে ছাত্র জনতার সেতু বন্ধন তৈরী করা। তারুণ্যের উৎসব-২০২৫ এর স্লোগান হলো "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই"। এটি মাননীয় প্রধান উপদেষ্টার ভিশনারি ধারণা থেকে উদ্ভুত হয়ে সরকারি-বেসরকারিভাবে এই উপলক্ষ্যে সারা দেশে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে ১০ (দশ) ধরনের কর্মসূচী প্রণয়ন করেছে মর্মে সভায় জানায় হয়। কর্মসূচীগুলো হলো:

- ক্রিকেট ম্যাচ ও ক্রীড়া প্রতিযোগিতা (বর্জ্য-শূন্য) আয়োজনের মাধ্যমে দেশীয় খেলাধুলাকে উৎসাহ প্রদান;
- আত্মকর্মী যুব সংগঠন, যুব উদ্যোক্তা ও তরুণদের উদ্যোগে যুব সমাবেশ অনুষ্ঠান;
- যুব উদ্যোক্তাদের স্থানীয় শিল্প ও পণ্য প্রদর্শনী, উদ্যোক্তা সম্মেলনের মাধ্যমে অর্থনৈতিক সুযোগ সৃষ্টি;
- Youth Fest শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান; পিঠা উৎসব, দেশীয় সংস্কৃতি উৎসাহ প্রদান করা;
- নতুন বাংলাদেশ বিনির্মাণে যুবদের ভাবনা বিষয়ক বিভিন্ন কর্মশালা আয়োজন;
- স্টেডিয়াম ও জনসমাগমের বিভিন্ন স্থানে পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা;
- জুলাই-আগস্ট বিপ্লবের স্মৃতি রক্ষার্থে চিত্র প্রদর্শন ও ডাটাবেজ-ওয়েবসাইট তৈরি করা;
- উদ্ভাবনী ও জনমুখী বাংলাদেশ গঠনে প্রতিভা অন্বেষণে কুইজ, স্থানীয় খেলাধুলা, রচনা, বিতর্ক, চিত্রাঙ্কন, প্রতিযোগিতার আয়োজন করা;
- ফ্যান এনগেজমেন্ট, টেকসই ব্যবস্থাপনা ও ৩৬০ ডিগ্রী প্রচার; এবং
- জুলাই-আগস্ট বিপ্লবে যুবদের সাহসী, উদ্ভাবনী ও জনমুখী উদ্যোগকে ডেমোক্রেসি এওয়ার্ড প্রদান করা।

০২। বর্ণিত সভার কার্যবিবরণীর আলোকে লালমনিরহাট জেলায় যথাযথভাবে তারুণ্যের উৎসব-২০২৫ উদ্যাপনের লক্ষ্যে সভায় উন্মুক্ত আলোচনা করা হয়। সভায় আলোচনান্তে নিম্নরূপ কর্মসূচি গৃহিত হয়:

ক্রম.	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্যাপন উপলক্ষ্যে "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই" স্লোগান এবং লোগো যথাযথভাবে ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট
২.২	আমার স্কুল, পরিচ্ছন্ন স্কুল/গ্রীণ স্কুল ক্যাম্পেইন এর আয়োজন করতে হবে।	১। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট

২.৩	স্বাস্থ্যসেবা ক্যাম্পেইন/স্যানিটেশন ও হাইজিন বিষয়ক সচেতনতার আয়োজন করতে হবে।	১। সিভিল সার্জন, লালমনিরহাট ২। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট
২.৪	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন (ব্যাডমিন্টন, ভলিবল, সাঁতার, ফুটবল, কাবাডি, ক্রিকেট ম্যাচ, বাস্কেটবল, অ্যাথলেটিক্স কম্পিটিশন ইত্যাদি) ক্রীড়া প্রতিযোগীতার আয়োজন করতে হবে।	১। অধ্যক্ষ, লালমনিরহাট সরকারি কলেজ, লালমনিরহাট ২। অধ্যক্ষ, মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ, লালমনিরহাট ৩। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট ৫। জেলা ক্রীড়া অফিসার, লালমনিরহাট
২.৫	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে জেলায় যুব ও উদ্যোক্তা সমাবেশ/তারুণ্য মেলা, সফল ব্যক্তিদের সফলতার গল্প এবং যুব উদ্যোক্তাদের পণ্য প্রদর্শনীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট
২.৬	জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বিদ্রোহী কবিতা ও জুলাই অভ্যুত্থান নিয়ে নাচ, গান থিয়েটার ও নাটকসহ বিভিন্ন ইভেন্টের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানসহ জুলাই-৩৬ বিষয়ক ডে-ভিত্তিক চিত্রাঙ্কন, চিত্র প্রদর্শনী আয়োজন করতে হবে।	কালচারাল অফিসার, লালমনিরহাট
২.৭	ব্রেস্ট ক্যান্সার প্রতিরোধ ও কিশোর কিশোরীদের পুষ্টি বিষয়ক কর্মশালার আয়োজন করতে হবে।	সিভিল সার্জন, লালমনিরহাট
২.৮	জেলার প্রতিটি উপজেলা ও পৌরসভায় একটি করে স্থান নির্বাচনপূর্বক মশক নিধন, জলাবদ্ধতা নিরসন এবং পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে।	উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট
২.৯	প্লাস্টিকের ব্যবহার পরিহার, পরিস্কার পরিবেশ ও পরিচ্ছন্ন খেলার মাঠ, শব্দ দূষণ রোধ, পলিথিন পণ্যের ব্যবহার পরিহার এবং জীববৈচিত্র্য বিলুপ্তি রোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, লালমনিরহাট
২.১০	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে জেলায় দুর্নীতি বিরোধী সেমিনার/কর্মশালা/সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	টিআইবি, লালমনিরহাট
২.১১	তারুণ্যের উৎসব বিষয়ক বিভিন্ন প্রচার-প্রচারণা, উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করতে হবে।	জেলা তথ্য অফিসার, লালমনিরহাট
২.১২	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে জুলাই বিপ্লবের স্মৃতি রক্ষার্থে স্মারক ডাকটিকেট এর প্রকাশ করতে হবে।	পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, লালমনিরহাট
২.১৩	জুলাই-৩৬ বিষয়ক চিত্রাঙ্কন, বিতর্ক, রচনা ও কুইজ প্রতিযোগীতার আয়োজন করতে হবে।	১। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট ৩। জেলা শিশু কর্মকর্তা, লালমনিরহাট
২.১৪	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে অসামর্থ ক্রীড়াসেবীদের ক্রীড়া ভাতা প্রদান, ক্রীড়া সেবীদের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান, ক্রীড়া শিক্ষা বৃত্তি এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা ক্রীড়া অফিসার, লালমনিরহাট
২.১৫	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে জুলাই বিপ্লবে আহত ও অসমর্থ যুবকদের আর্থিক সহায়তা এবং ডেমোক্রেসি অ্যাওয়ার্ড, Zero Waste Champion সম্মাননা, ক্রীড়া শিক্ষা বৃত্তি ইত্যাদি প্রদান করা হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট ২। ছাত্র প্রতিনিধি, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, লালমনিরহাট।
২.১৬	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে জেলায় লোক ও কারুশিল্প মেলা, বই মেলা, বাংলার ভোজ আয়োজন এবং পথ সংগীত ও কথা মালার আয়োজন করতে হবে। মেলায় একটি আইটি কর্ণার রাখতে হবে।	১। উপ-ব্যবস্থাপক, বিসিক, লালমনিরহাট ২। কালচারাল অফিসার, লালমনিরহাট ৩। লাইব্রেরিয়ান, সরকারি গণগ্রন্থাগার, লালমনিরহাট

০৩) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আন্তঃমন্ত্রণালয়ের সভার নির্দেশনার প্রেক্ষিতে "তারুণ্যের উৎসব-২০২৫" যথাযথভাবে উদ্‌যাপন লক্ষ্যে কেন্দ্রীয় নির্দেশনার পাশাপাশি নিম্নোক্ত স্থানীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্রম.	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে মেয়েদের ০১ কি.মি পথ সাইক্লিং এর আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।	১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট
৩.২	মহেন্দ্রনগর বাজার, মহেন্দ্রনগর, সদর, লালমনিরহাট হতে মিশনমোড়, লালমনিরহাট পর্যন্ত মিনি ম্যারাথন এর আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।	জেলা ক্রীড়া কর্মকর্তা, লালমনিরহাট
৩.৩	আন্তঃ কলেজ ভলিবল (পুরুষ) আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।	অধ্যক্ষ, লালমনিরহাট সরকারি কলেজ, লালমনিরহাট
৩.৪	আন্তঃ কলেজ ভলিবল (মহিলা) আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।	অধ্যক্ষ, মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ, লালমনিরহাট
৩.৫	আন্তঃ জেলা মহিলা ক্রিকেট টুর্নামেন্ট এর আয়োজন করতে হবে।	সভাপতি/সম্পাদক, জেলা মহিলা ক্রীড়া সংস্থা, লালমনিরহাট
৩.৬	পিঠা উৎসবে বিশেষ পিঠা তৈরী এবং পিঠায় লালমনিরহাট জেলার মানচিত্র প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	উপ-কমিটি
৩.৭	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে লালমনিরহাট জেলার শহিদ ও আহত পরিবারের সাথে সাক্ষাৎ এবং চেক প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপ-কমিটি
৩.৮	"তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে জেলায় বৃক্ষরোপন, আলোচনা সভা, ও কুইজ প্রতিযোগীতার আয়োজন করতে হবে।	এনজিওসহ অন্যান্য বেসরকারি সংস্থা, লালমনিরহাট
৩.৯	সকল সরকারি-বেসরকারি দপ্তর নিজ নিজ উদ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক তারুণ্যের উৎসব ২০২৫ সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করবে। সকল দপ্তর হতে প্রাপ্ত কর্মপরিকল্পনার সমন্বয়ে জেলার কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হবে।	১। জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, লালমনিরহাট ২। অতিরিক্ত জেলা প্রশাসক, লালমনিরহাট
৩.১০	সকল দপ্তরের কর্মপরিকল্পনার সমন্বয়পূর্বক জেলার কর্মপরিকল্পনা ছক (Action Plan Matrix) চূড়ান্ত করে জেলা প্রশাসকের স্বাক্ষরসহ youth.cao.gov.bd-তে আপলোড করতে হবে।	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লালমনিরহাট
৩.১১	গৃহীত সকল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট ফোকাল অফিস হিসেবে কাজ করবেন।	১। অতিরিক্ত জেলা প্রশাসক, লালমনিরহাট ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট
৩.১২	জেলার সকল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কন্টাক্ট পারসন হিসেবে কাজ করবেন এবং সাচিবিক দায়িত্ব পালন করবেন।	অতিরিক্ত জেলা প্রশাসক, লালমনিরহাট
৩.১৩	তরুণদের বিভিন্ন সামাজিক কার্যক্রমের জন্য বিভিন্ন সনদ ও সম্মাননা প্রদান করা হবে।	১। জেলা প্রশাসন, লালমনিরহাট ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট ৩। উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, লালমনিরহাট ৪। উপ-ব্যবস্থাপক, বিসিক, লালমনিরহাট

০৪। পিঠা উৎসবে বিশেষ পিঠা তৈরী এবং পিঠায় লালমনিরহাট জেলার মানচিত্র প্রদর্শন সংক্রান্ত উপ-কমিটি:

৪.১	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, লালমনিরহাট	আহবায়ক
৪.২	জনাব শামিমা নাছরিন, সহকারী কমিশনার, সাধারণ শাখা	সদস্য
৪.২	জনাব মোছাঃ সরমিন আরা হক, সিনিয়র শিক্ষক (বাংলা), লালমনিরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট	সদস্য
৪.৩	এ্যাডভোকেট আন্জুমান আরা শাপলা, সাধারণ সম্পাদিকা, জেলা মহিলা ক্রাড়ী সংস্থা, লালমনিরহাট	সদস্য

চলমান পাতা-০৪

৪.৪	নির্বাহী প্রকৌশলী, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট	সদস্য
৪.৫	নির্বাহী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট	সদস্য
৪.৬	জনাব মোছাঃ নুপুর আক্তার, ছাত্র প্রতিনিধি, লালমনিরহাট	সদস্য
৪.৭	উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট	সদস্য-সচিব

০৫। "তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপন উপলক্ষ্যে ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে লালমনিরহাট জেলার শহিদ ও আহত পরিবারের সাথে সাক্ষাৎ এবং চেক প্রদান সংক্রান্ত উপ-কমিটি:

৫.১	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট	আহবায়ক
৫.২	জনাব মোঃ শামস বিন শাহরিয়ার (নাঈম), ছাত্র প্রতিনিধি, লালমনিরহাট	সদস্য
৫.৩	সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট	সদস্য-সচিব

০৬। পুরস্কার প্রদান সংক্রান্ত উপ-কমিটি:

৬.১	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট	আহবায়ক
৬.২	উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, লালমনিরহাট	সদস্য
৬.৩	জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট	সদস্য
৬.৪	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট	সদস্য
৬.৫	জনাব মোঃ হামিদুর রহমান, ছাত্র প্রতিনিধি, লালমনিরহাট	সদস্য
৬.৬	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট	সদস্য-সচিব

০৭। তারুণ্যের উৎসব বাস্তবায়ন সংক্রান্ত মনিটরিং কমিটি:

৭.১	উপপরিচালক, স্থানীয় সরকার , লালমনিরহাট	আহ্বায়ক
৭.২	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট	সদস্য
৭.৩	সহকারী কশিনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট	সদস্য
৭.৪	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট	সদস্য
৭.৫	উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, লালমনিরহাট	সদস্য
৭.৬	উপ-ব্যবস্থাপক, বিসিক, লালমনিরহাট	সদস্য
৭.৭	জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট	সদস্য
৭.৮	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট	সদস্য
৭.৯	ছাত্র প্রতিনিধি	সদস্য

০৮। এছাড়াও যে কোন কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক উপ-কমিটি গঠন করা যাবে। সেক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৯। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে সকল শহিদের আত্মার মাগফেরাত ও আহতদের সুস্থতা কমনা করে "তারুণ্যের উৎসব-২০২৫" উদ্‌যাপনে সকলের সার্বিক সহযোগীতা কামনা করে সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১.১২.২৪

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯-৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০০৫.০৪.০৪০.২৪. ৮১০(১০০) তারিখ: ১৬ পৌষ, ১৪৩১ / ৩১ ডিসেম্বর, ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৮। পুলিশ সুপার, লালমনিরহাট।
০৯। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
১০। সিভিল সার্জন, লালমনিরহাট।
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), লালমনিরহাট।
১২। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর/আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম, লালমনিরহাট।
১৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট।
১৪। ...., লালমনিরহাট।
১৫। অফিস কপি।

৩১.১২.২৪

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯-৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd